



স্মারক নং-এমসি/০০২২/০০৪

তারিখ : ২৯/১১/২০২২ খ্রি.

প্রাপক : .....

বিষয় : “ প্রাণিবিজ্ঞান অলিম্পিয়াড-২০২২ ” আয়োজন প্রসঙ্গে ।

সূত্র : ZSB/752/22

তারিখ : ১০ সেপ্টেম্বর ২০২২ খ্রি.


জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতি পূর্বের ন্যায় এ বছর আবারও “ প্রাণিবিজ্ঞান অলিম্পিয়াড ” আয়োজন করতে যাচ্ছে। এতদলক্ষ্যে সিলেট অঞ্চলের প্রতিযোগীতা আগামী ০৪/১২/২০২২ খ্রি. রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগীতায় দু'টি গ্রুপ থাকবে। প্রতিযোগীতার দিনে একজন দায়িত্বপ্রাপ্ত শিক্ষক প্রতিনিধিসহ প্রতিযোগী উপস্থিত থাকবে।

গ্রুপ-ক : উচ্চমাধ্যমিক পর্যায়ে (জীববিজ্ঞান ২য় পত্র -প্রাণিবিজ্ঞান বিষয়ে অধ্যয়নরত শিক্ষার্থী)

গ্রুপ-খ : স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে প্রাণিবিজ্ঞান বিষয়ে অধ্যয়নরত শিক্ষার্থী।

উভয় গ্রুপের জন্য আলাদাভাবে ৩০ নম্বরের পরীক্ষা হবে। পরীক্ষার মাধ্যমে প্রতি গ্রুপ হতে ০৬ জন-কে প্রাথমিকভাবে নির্বাচিত করা হবে। পরবর্তীতে প্রতি গ্রুপের ০৬ জনকে ২০ নম্বরের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ নিতে হবে। লিখিত/মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রতি গ্রুপ হতে ০১ জন করে মোট ০২ জন-কে চূড়ান্ত প্রতিযোগীতার জন্য নির্বাচিত করা হবে। চূড়ান্ত প্রতিযোগীতা ঢাকায় অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, আঞ্চলিক প্রতিযোগীতার চ্যাম্পিয়ন ও রানার্স-আপ কে ক্রেস্ট ও সনদ প্রদান করা হবে। উল্লেখ্য প্রতিনিধি শিক্ষক ও শিক্ষার্থীদের-কে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

  
29.11.22

বিভাগীয় প্রধান  
সহকারী অধ্যাপক  
প্রাণিবিদ্যা বিভাগ  
মুরারিচাঁদ কলেজ, সিলেট।